গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।
www.jdpc.gov.bd

সূত্রঃ ২৪.০৯.০০০০.০০১.০৫.০০৩.২১ - ২৮৭

তারিখ: ০৫-১০-২০২৪

# অফিস আদেশ

জাতীয় শুদ্ধাচার কৌশল ২০২৪-২০২৫ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ি দেশীয় ও আন্তর্জাতিক মেলায় অংশগ্রহণকারী উদ্যোক্তা নির্বাচনে স্বচ্ছতা নিশ্চিতে নীতিমালা প্রস্তুতকরণের লক্ষ্যে ০৫ সদস্যের একটি কমিটি গঠন করা হলো:

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১। | জনাব মশিউর রহমান<br>পরিচালক (যুগ্মসচিব), জেডিপিসি | আহবায়ক |
| ০২। | জনাব মোঃ জাহাঙ্গীর আলম<br>টেকনোলজি রিসার্চ এন্ড ট্রেনিং এক্সিকিউটিভ, জেডিপিসি | সদস্য |
| ০৩। | জনাব নুসরাত জাহান<br>সিনিয়র ডিজাইন এক্সিকিউটিভ, জেপিডিসি | সদস্য |
| ০৪ | জনাব মোঃ আবদুল হান্নান মিয়জী<br>পাসোর্নাল অফিসার, জেডিপিসি | সদস্য |
| ০৫ | জনাব মোঃ মোজাহিদুল ইসলাম<br>মনটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ, জেডিপিসি | সদস্য সচিব |

কমিটির কার্যপরিধি:
০১। প্রয়োজনানুসারে কমিটি সদস্য কো-অপ্ট করেত পারবেন।
০২। নির্বাহী পরিচালক মহোদয়ের নির্দেশক্রমে উক্ত কমিটির সকল কার্যক্রম পরিচালিত হবে এবং প্রয়োজনবোধে মাসিক প্রতিবেদন পেশ করবেন।
০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

০৫.১০.২০২৪
(সীমা বোস অধরা)
পরিচালক (এমআরপি)

বিতরণ:
০১। সংশ্লি কর্মকর্তা,জেডিপিসি, ১৪৫ মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।
০২। প্রশাসনিক কর্মকর্তা, জেডিপিসি, ১৪৫ মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।
০৩। নথি।

# বহুমুখী পাটপণ্য মেলায় অংশগ্রহণের ক্ষেত্রে অনুসরণীয় নীতিমালা।

জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও
ঢাকা-১২১৫।

তারিখ: ২২ ডিসেম্বর ২০২৪

## সূচিপত্রঃ


| | | |
|---|---|---|
| ১. | ভূমিকা | ১ |
| ২ | মেলার নাম | ১ |
| ৩ | উদ্দেশ্য | ১ |
| ৪ | মেলার্ পরিচিতি | ২ |
| ৫ | মেলার আবেদনপত্র প্রাপ্তীর স্থান | ২ |
| ৬ | মেলার সময়কাল | ২ |
| ৭ | মেলায় অংশগ্রহনের যোগ্যতা | ২ |
| ৮ | মেলার বাজেট | ২ |
| ৯ | মেলায় অংশগ্রণকারী উদ্যোক্তা বাছাই কমিটি | ২ |
| ১০ | উদ্যোক্তা বাছায়ের অনুসরণীয় নীতিমালা | ২ |
| ১১ | মেলায় অংশগ্রহণকারী উদ্যোক্তাদের অবশ্যই পালনীয় বিষয়সমূহ | ৩ |

ভূমিকাঃ

বাংলাদেশ বিশ্বের দ্বিতীয় বৃহত্তম পাট উৎপাদনকারী এবং বৃহত্তম পাট ও পাটপণ্য রপ্তানীকারক দেশ। সত্তর দশকের মাঝামাঝি সময় থেকে বিশ্ব বাজারে বাংলাদেশের পাট, প্রচলিত পাটপণ্য ও পাট শিল্প চ্যালেঞ্জের সম্মুখীন হয়; জাতীয় ও আন্তর্জাতিক প্রতিকূলতা এবং স্বল্প মূল্যের সিনথেটিক দ্রব্যের ব্যাপক আবির্ভাবসহ নানান কারণে প্রাকৃতিক তন্তু পাট তার শ্রেষ্ঠত্বের গৌরবোজ্জ্বল অধ্যায় হারাতে বসে। সেই সময়ের প্রেক্ষাপটে ২০০২ সনের মার্চ মাসে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীনে প্রচলিত পাটপণ্য সামগ্রীর পাশাপাশি বেসরকারী উদ্যোক্তাদের উচ্চমূল্য সংযোজিত উন্নতমানের বহুমুখী পাটপণ্য সামগ্রী উৎপাদনে সহায়তা করার লক্ষ্যে জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি) স্থাপিত হয়।

জেডিপিসি'র উদ্যোক্তাগণ শ্রমনিবিড়, স্বল্প পুঁজি নির্ভর ও উৎপাদন সময়কাল স্বল্প হওয়ায় জাতীয় আয় বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টিতে অবদান রাখতে সক্ষম। অন্যান্য উন্নয়নশীল দেশের মত বাংলাদেশেও ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা খাতের বিকাশ ও উন্নয়নের অপার সম্ভাবনা রয়েছে। তাছাড়াও বাংলাদেশকে শিল্পভিত্তিক অর্থনীতির দেশে পরিনত করার ক্ষেত্রে জেডিপিসি কর্তৃক আয়োজিত দেশি-বিদেশী মেলা অনুঘটকের ভুমিকা রাখছে।

মেলা হচ্ছে একটি পরিকল্পিত কার্যক্রম। মেলার অন্যতম লক্ষ্য হলো উদ্যোক্তাদেরকে বিপণনে সহায়তা করা এবং ক্রেতাদের কাছে তাঁদের উৎপাদিত পণ্যের সমাহার উপস্থাপন এবং একে অপরকে ভালভাবে জানা ও তাদের মধ্যে সেতু বন্ধনে সহায়তা করা। মেলার মাধ্যমে মেলায় আগত দর্শনার্থীদের নিকট বাংলাদেশের সোনালী আঁশ পাট দিয়ে উৎপাদিত বহুমুখী পাটপণ্য সামগ্রী উপস্থাপন করা এবং উচ্চমূল্য সংযোজিত বহুমুখী পাটপণ্যের প্রতি ক্রেতাদের আগ্রহ সৃষ্টি করা হয়। বহুমুখী পাটপণ্য সামগ্রীর বাজার সৃষ্টিতে সহায়তা করা এবং মেলায় আগত দর্শনার্থীরা যাতে সহজেই মেলায় তাঁদের পছন্দের সামগ্রী সংগ্রহ করতে পারেন সে ব্যবস্থা করে দেয়া হয়। উচ্চমূল্য সংযোজিত বহুমুখী পাটপণ্যের গুনগত পরিবর্তন ও প্রযুক্তিগত উন্নয়ন এবং এর মাধ্যমে ক্রেতাদের, বিশেষ করে নতুন প্রজন্মের কাছে সুন্দরভাবে উপস্থাপন করাও ছিল এ মেলা আয়োজনের অন্যতম উদ্দেশ্য।

**মেলার নাম:**

বহুমুখী পাটপণ্যের একক মেলা;
বহুমুখী পাটপণ্যের যৌথ মেলা;
বহুমুখী পাটপণ্যের আন্তর্জাতিক মেলা ।

উদ্দেশ্যঃ

- বহুমুখী পাটপণ্যের প্রচার প্রসার ও ব্যবহার বৃদ্ধি;
- বহুমুখী পাটপণ্যের স্থানীয় ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণ;
- ক্রেতা ও বিক্রেতার মধ্যে সংযোগ সৃষ্টি;
- বৈদেশিক ক্রেতা বৃদ্ধির কৌশল ও সক্ষমতা তৈরী ;
- বৈদেশিক মুদ্রা অর্জন করা;
- বাজার সম্প্রসাণের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি ;
- উদ্যোক্তাদের আর্থ সামাজিক অবস্থার উন্নয়ন।

22/12/28 22/12/28 22/12/28 22/12/28 22.12.28

**মেলার পরিচিতি:**

বহুমুখী পাটপণ্যের প্রচার প্রসার ও ব্যবহার সম্প্রসারণের লক্ষ্যে মেলা আয়োজন করা হয়। মেলার মাধ্যমে উদ্যোক্তাগনণ সরাসরি ও অর্ডারের মাধ্যমে পণ্য বিক্রয় করতে পারে। জেডিপিসি ৩ (তিন) ধরণের যেমন- বহুমুখী পাটপণ্যের একক মেলা, বহুমুখী পাটপণ্যের যৌথ মেলা;বহুমুখী পাটপণ্যের আন্তর্জাতিক মেলা আয়োজন করে থাকে। দেশের বিভিন্ন বিভাগ ও জেলা শহরে বহুমুখী পাটপণ্যের একক মেলা জেডিপিসি নিজ উদ্যোগে আয়োজন করে থাকে। বহুমুখী পাটপণ্যের যৌথ মেলা বিভিন্ন মন্ত্রণালয়, দপ্তর, পরিদপ্তর , সংস্থা বা প্রতিষ্ঠানের সাথে আয়োজন করে থাকে। বহুমখী পাটপণ্যের আন্তর্জাতিক মেলা বিভিন্ন এ্যামবেসি, ইপিবি ও অন্যান্য সংস্থার সাথে করে থাকে। মেলার মাধ্যমে ক্রেতা ও বিক্রেতার মধ্যে সংযোগ সৃষ্টির মাধ্যমে বাজার সম্প্রসারিত হয়।

**মেলার আবেদনপত্র প্রাপ্তীর স্থান:**

মেলার জন্য আবেদনপত্র জেডিপিসিতে, অনলাইনে ও ওয়েবসাইটে পাওয়া যায়।

**মেলার সময় কালঃ**

মেলার সময়কাল সাধারণত ৩-৭ দিন হয়ে থাকে। তবে ক্ষেত্র বিশেষ ১০ দিন ১৫ দিন ও মাসব্যাপী হয়ে থাকে।

**মেলায় অংশগ্রহণের যোগ্যতাঃ**

* জেডিপিসি'র নিবন্ধিত উদ্যোক্তা হতে হবে;
* বহুমুখী পাটপণ্য তৈরির কারখানা থাকতে হতে হবে;
* ট্রেড লাইসেন্স থাকতে হবে;
* ভ্যাট ও ট্যাক্স লাইসেন্স থাকতে হবে;
* আন্তর্জাতিক মেলায় অংশগ্রহণের ক্ষেত্রে ERC থাকতে হবে;

**মেলার বাজেট:**

মেলার স্থান, মেলার সমায়কাল অনুযায়ী মেলার বাজেট নির্ধারিত হয়। জেডিপিসি'র নিজস্ব তহবিল ও মেলায় আহরিত আয় হতে ব্যায় নির্বাহ করা হয়।

**মেলায় অংশগ্রণকারী উদ্যোক্তা বাছাই কমিটি :**

মেলার উদ্যোক্তা বাছাইয়ের জন্য ৩-৫ সদস্য বিশিষ্ট একটি কমিটি কাজ করে। কমিটি আবেদনপত্র যাচাই-বাছাই পূর্বক উদ্যোক্তা নির্বাচন করে থাকে।

**উদ্যোক্তা বাছায়ের অনুসরণীয় নীতিমালাঃ**

(১) নির্দিষ্ট সময়ের মধ্যে online এ বা সরাসরি সংশ্লিষ্ট শাখায় আবেদনপত্র জমা দিতে হবে;
(২) আবেদনপত্র জমা প্রদানের সময় নির্ধারিত ফি পে-অর্ডারের মাধ্যমে হিসাব শাখায় জমা দিতে হবে;
(৩) আবেদনপত্রের সাথে উদ্যোক্তার নিবন্ধন সনদ সংযুক্ত করতে হবে;
(৪) আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় সকল কাগজপত্র জমা দিতে হবে। জমা না দিতে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;
(৫) আন্তর্জাতিক মেলায় অংগ্রহণের ক্ষেত্রে পাসপোর্ট এর পটোকপি ও ERC সহ প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হবে;
(৬) দেশীয় নাগরিক হতে হবে।



22/12/24 22/12/24 22/12/24 22/12/24 22.12.2024

**মেলায় অংশগ্রহণকারী উদ্যোক্তাদের অবশ্যই পালনীয় বিষয়সমূহঃ**

(১) নির্দিষ্ট সময়ে মেলার ষ্টল খুলতে হবে এবং বন্ধ করতে হবে।

(২) বহুমুখী পাটপণ্য ছাড়া অন্য কোন পণ্য মেলায় বিক্রি করা যাবে না;

(৩) দুর্ঘটনা বা প্রাকৃতিক কারণ জনিত ক্ষতির জন্য জেডিপিসি দায়ী থাকবে না;

(৪) স্টলের জিনিসপত্র নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে, চুরি বা হারিয়ে গেলে জেডিপিসি'র তার দায়িত্ব বহন করবে না;

(৫) কোন রকম আইন শৃঙ্খলা বিরোধী কাজ করা যাবে না, করলে জেডিপিসি দায়ী থাকবে না ;

(৬) মেলার সময় বৃদ্ধি হলে জেডিপি'র সিদ্ধান্ত অনুসারে বর্ধিত ব্যয় অংশগ্রহণকারীকে বহন করতে হবে:

(৭) মেলা চলাকালীন একদিন অনুপস্থিত থাকলে ষ্টল বাতিল বলে গণ্য হবে;

(৮) সময়ে সময়ে মেলা বিষয়ক সরকার কর্তৃক ধার্যকৃত সকল ফি পরিশোধ করতে হবে;

[বি.দ্র-জেডিপিসি কর্তৃক জারিকৃত সকল বিধিবিধান প্রযোজ্য হবে]